

প্রশ্নপত্রে চিকিৎসকদের 'কটাক্ষ'  
ঢাকা শিক্ষা বোর্ডের  
চেয়ারম্যানের  
পদত্যাগ দাবি'

■ সমকাল প্রতিবেদক  
এসএসসি পরীক্ষার প্রশ্নপত্রে চিকিৎসকদের অর্থলোভী বলায় এর প্রতিবাদে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের পদত্যাগ চেয়েছেন চিকিৎসকরা। গতকাল শনিবার এক মানববন্ধন কর্মসূচিতে তারা এ দাবি জানান। 'সর্বস্তরের চিকিৎসকবৃন্দ' ব্যানারে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।  
মানববন্ধনে স্বাধীনতা চিকিৎসক পরিষদের (স্বাচিপ) সাংগঠনিক সম্পাদক ডা. আহসান হাবীব হেলাল বলেন, তারা শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করেছেন। মন্ত্রী তিন দিনের মধ্যে ব্যবস্থা নেবেন বলে আশ্বাস

■ পৃষ্ঠা ৪ : কলাম ১

ঢাকা শিক্ষা বোর্ডের

[তৃতীয় পৃষ্ঠার পর]

দিয়েছেন। এ সময়ের মধ্যে মন্ত্রী কোনো পদক্ষেপ না নিলে তার বিরুদ্ধেই আন্দোলন গড়ে তোলা হবে। প্রয়োজনে আদালতে মামলা হবে।  
স্বাচিপের কোষাধ্যক্ষ ডা. আবু ইউসুফ ফকির বলেন, চিকিৎসকদের কারণে দেশে মা ও শিশু মৃত্যুহার কমেছে। স্বাস্থ্যসেবার মান বেড়েছে। তাদের এ অবদান ক্ষুণ্ণ করতে বিভিন্ন মহল ষড়যন্ত্র করছে। প্রশ্নপত্রের কটাক্ষ তারই অংশ।  
মানববন্ধনে বক্তারা বলেন, ডাক্তাররা কীভাবে লোভী তা শিক্ষামন্ত্রীকে প্রমাণ করতে হবে। চিকিৎসকদের বিরুদ্ধে এ অপপ্রচার আর চলতে দেওয়া হবে না।  
গত বৃহস্পতিবার অনুষ্ঠিত ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার বাংলা (সৃজনশীল) প্রথম পত্রের একটি প্রশ্নে একজন চিকিৎসককে লোভী হিসেবে উল্লেখ করা হয়। এর পর বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে সমালোচনার ঝড় ওঠে। ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন এ পেশার সঙ্গে জড়িতরা।  
এদিকে ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ড্যাব) সভাপতি অধ্যাপক ডা. এ কে এম আজিজুল হক ও মহাসচিব অধ্যাপক ডা. এ জে এম জাহিদ হোসেন গতকাল এক যুক্ত বিবৃতিতে প্রশ্নপত্রে চিকিৎসকদের নিয়ে কটুক্তিকে উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেছেন। তারা বলেন, সরকার একের পর এক স্ব প্রতিষ্ঠানকে ধ্বংসের অপচেষ্টা চালাচ্ছে। তারই অংশ হিসেবে কোমলমতি শিশুদের কাছে হয়প্রতিপন্ন করতে প্রশ্নপত্রে চিকিৎসকদের অর্থলোভী হিসেবে দেখানো হয়েছে। বিবৃতিতে প্রশ্নপত্র প্রণয়নের সঙ্গে জড়িতের শাস্তি দাবি করা হয়।